গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৫২/২০১৭-১৮

ঢাকা, বুধবার, ২৭ জুন ২০১৮, ১৩ আষাঢ় ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ৫৬০ মডেল মসজিদ নির্মাণপ্রকল্পসহ একনেকে ১৪ প্রকল্প অনুমোদন

২। রাষ্ট্রপতির সঙ্গে নতুন নিয়োগপ্রাপ্ত বিচারপতিদের সাক্ষাৎ

৩। রাষ্ট্রপতির সঙ্গে নবনিযুক্ত সেনাবাহিনী প্রধানের সাক্ষাৎ

৪। প্রধানমন্ত্রীর উপস্থিতিতে নবনিযুক্ত সেনা প্রধানকে জেনারেলের র‌্যাংক ব্যাজ পড়ালেন নৌ ও বিমান বাহিনী প্রধান

৫। প্রধানমন্ত্রীর সাথে শ্রীলংকার হাইকমিশনারের সাক্ষাৎ

৬। রোহিঙ্গা ক্যাম্প মাদকমুক্ত রাখতে ব্যবস্থা নেওয়া হয়েছে : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী

৭। মাদক ঠেকাতে দুর্গম সীমান্তে বসছে সেন্সর : মাদকদ্রব্যের পাচারবিরোধী দিবসের অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী

৮। বর্তমান সরকারের মেয়াদে বিদেশে ১৮টি নতুন মিশন চালু করা হয়েছে : সংসদে পররাষ্ট্রমন্ত্রী

৯। ব্রাসেলসে বাণিজ্যমন্ত্রী : বাংলাদেশ থেকে ফুটওয়্যার আমদানির আহ্বান

১০। রূপসা বিদ্যুৎকেন্দ্রে এডিবির ৫০ কোটি মার্কিন ডলার ঋণ অনুমোদন

১১। পার্বত্য তিন জেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা ৮ লাখ ৫২ হাজার ৫৪০ সংসদে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী

১২। শূন্য মার্জিনে চালের এলসি খোলায় নিষেধাজ্ঞা : কেন্দ্রীয় ব্যাংকের সার্কুলার

চলমান পাতা-২

১। **৫৬০ মডেল মসজিদ নির্মাণপ্রকল্পসহ একনেকে ১৪ প্রকল্প অনুমোদন**

প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে মোট ৫৬০টি মডেল মসজিদ নির্মাণ প্রকল্পের সংশোধনী প্রস্তাব অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে একনেকের এ বৈঠক অনুষ্ঠিত হয়। চলতি অর্থবছরের শেষ একনেক বৈঠকে এ প্রকল্পসহ মোট ১৪টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় হবে ১৬ হাজার ১৪৭ কোটি টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ১৩ হাজার ২৮৩ কোটি টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে দুই হাজার ৮৩৯ কোটি টাকার জোগান দেওয়া হবে। বাকি ২৪ কোটি টাকা দেওয়া হবে সংস্থার নিজস্ব অর্থায়ন থেকে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

২। **রাষ্ট্রপতির সঙ্গে নতুন নিয়োগপ্রাপ্ত বিচারপতিদের সাক্ষাৎ**

সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগে নতুন নিয়োগপ্রাপ্ত ১৮ বিচারপতি গতকাল (২৬ জুন মঙ্গলবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎ করেছেন। রাষ্ট্রপতি নতুন বিচারপতিদের অভিনন্দন জানান। বিচারবিভাগকে ন্যায়বিচারপ্রার্থীদের শেষ আশ্রয়স্থল উল্লেখ করে রাষ্ট্রপতি আশাপ্রকাশ করেন যে, নতুন বিচারপতিদের নিয়োগের ফলে দেশের বিচার বিভাগের কার্যক্রম গতিশীল হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

৩। **রাষ্ট্রপতির সঙ্গে নবনিযুক্ত সেনাবাহিনী প্রধানের সাক্ষাৎ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে গতকাল (২৬ জুন মঙ্গলবার) বিকেলে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ করেছেন নবনিযুক্ত সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ। বৈঠকে নতুন সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ তাঁকে এ পদে নিয়োগ দেওয়ার জন্য সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি দায়িত্ব পালনকালে বাংলাদেশ সেনাবাহিনীর উন্নয়ন ও আধুনিকায়নে রাষ্ট্রপতির সহযোগিতা কামনা করেন। বৈঠকে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ নতুন সেনাপ্রধানের নেতৃত্বে বাংলাদেশ সেনাবাহিনী আরও এগিয়ে যাবে বলে আশাপ্রকাশ করেন। সূত্র- **সমকাল** (পৃ.১৩,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪), **নিউ নেশন** (পৃ.১১,ক.৬)।

৪। **প্রধানমন্ত্রীর উপস্থিতিতে নবনিযুক্ত সেনা প্রধানকে জেনারেলের র‌্যাংক ব্যাজ পড়ালেন নৌ ও বিমানবাহিনী প্রধান**

নবনিযুক্ত সেনাবাহিনী প্রধান আজিজ আহমেদকে জেনারেলের র‌্যাংক ব্যাজ পরিয়ে দেওয়া হয়েছে। গতকাল (২৬ জুন মঙ্গলবার) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে নবনিযুক্ত সেনাপ্রধানকে এ র‌্যাংক ব্যাজ পরানো হয়। নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল নিজামউদ্দিন আহমেদ এবং বিমানবাহিনী প্রধান এয়ার মার্শাল মসিহুজ্জামান সেরনিয়াবাত এ র‌্যাংক ব্যাজ পরান। ব্যাজ পরানোর পর্ব শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নবনিযুক্ত সেনাপ্রধানকে ফুলের তোড়া উপহার দিয়ে অভিনন্দন জানান। সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদও এ সময় বাংলাদেশ সেনাবাহিনীর পক্ষে ফুলের তোড়া উপহার দিয়ে প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

৫। **প্রধানমন্ত্রীর সাথে শ্রীলংকার হাইকমিশনারের সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আশাপ্রকাশ করেছেন শ্রীলংকার উদ্যোক্তারা আরও বেশি করে বাংলাদেশে বিনিয়োগ করবেন। গতকাল (২৬ জুন মঙ্গলবার) শ্রীলংকার নবনিযুক্ত হাইকমিশনার জেনারেল এডব্লিউজেসি ডি সিলভা প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন। প্রধানমন্ত্রীর জাতীয় সংসদ ভবন কার্যালয়ে সাক্ষাৎ করেন হাইকমিশনার। প্রধানমন্ত্রী শ্রীলংকার হাইকমিশনারকে বলেন, দেশি-বিদেশি বিনিয়োগের জন্য সারাদেশে ১০০টি অর্থনৈতিক এলাকা গড়ে তোলা হচ্ছে। বিদেশি বিনিয়োগের জন্য অনেক সুযোগ-সুবিধা

রাখা হচ্ছে। শ্রীলংকার উদ্যোক্তারাও এতে বিনিয়োগ করতে পারেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬)।

৬। রোহিঙ্গা ক্যাম্প মাদকমুক্ত রাখতে ব্যবস্থা নেওয়া হয়েছে : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, রোহিঙ্গা ক্যাম্প মাদক ও অস্ত্রমুক্ত রাখতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং গোয়েন্দা সংস্থার কঠোর নজরদারির পাশাপাশি বিভিন্ন সচেতনতামূলক পদক্ষেপ নেওয়া হয়েছে। গতকাল (২৬ জুন মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫)।

৭। মাদক ঠেকাতে দুর্গম সীমান্তে বসছে সেন্সর : মাদকদ্রব্যের পাচারবিরোধী দিবসের অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী

মাদকসহ সব ধরনের চোরাচালান ঠেকাতে দুর্গম সীমান্তে কাঁটাতারের বেড়া ও সেন্সর স্থাপন করতে যাচ্ছে সরকার। এজন্য পরীক্ষামূলক কাজ চলছে। এর আগে পুটখালী সীমান্তে সেন্সর বসানো হয়েছে। ঐ সীমানা দিয়ে কেউ যাতায়াত করলে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সহজেই বুঝতে পারে। মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে গতকাল (২৬ জুন মঙ্গলবার) রাজধানীতে এক অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এসব তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

৮। বর্তমান সরকারের মেয়াদে বিদেশে ১৮টি নতুন মিশন চালু করা হয়েছে : সংসদে পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, বিশ্বের ৫৮টি দেশে বাংলাদেশের দূতাবাসগুলোর মধ্যে বর্তমান সরকারের মেয়াদে **১৮**টি নতুন মিশন চালু করা হয়েছে। এ সরকারের মেয়াদে বিদেশে বাংলাদেশের কোনো দূতাবাস বন্ধও হয়নি। এ ছাড়া আন্তঃরাষ্ট্র সম্পর্ক উন্নয়নে আরও সাতটি নতুন মিশন স্থাপনের বিষয়টি বিভিন্ন পর্যায়ে প্রক্রিয়াধীন রয়েছে। গতকাল (২৬ জুন মঙ্গলবার) জাতীয় সংসদের বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

৯। ব্রাসেলসে বাণিজ্যমন্ত্রী : বাংলাদেশ থেকে ফুটওয়্যার আমদানির আহ্বান

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, চামড়া বাংলাদেশের ঐতিহ্যবাহী রফতানি পণ্য। প্রতি বছর বিপুল পরিমাণ উন্নতমানের চামড়া উৎপাদিত হয় বাংলাদেশে। ফলে ফুটওয়্যার বা জুতার উন্নত কাঁচামাল রয়েছে বাংলাদেশের। রয়েছে বিপুলসংখ্যক দক্ষ জনশক্তি। আধুনিক ও বিশ্বমানের ফুটওয়্যার কারখানা গড়ে উঠছে। এ খাতে বিদেশি বিনিয়োগও আসছে। ফলে বাংলাদেশ তৈরিপোশাকের মতো কম মূল্যে উন্নতমানের ফুটওয়্যার তৈরি ও রফতানি করতে সক্ষম। এরই মধ্যে বাংলাদেশ বিশ্বমানের ফুটওয়্যার তৈরি ও রফতানি শুরু করেছে। গতকাল (২৬ জুন মঙ্গলবার) ব্রাসেলসে ইউরোপিয়ান ইউনিয়ন (ইইউ) এবং অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়ন সংস্থা'র (ওইসিডি) উদ্যোগে আয়োজিত বাংলাদেশের তৈরিপোশাক ও ফুটওয়্যারের ওপর একটি বিশেষ কর্মশালায় এসব কথা বলেন বাণিজ্যমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১৪,ক.৭), **যুগান্তর** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৫), **অবজারভার** (পৃ.১০,ক.৫)।

১০। রূপসা বিদ্যুৎকেন্দ্রে এডিবির ৫০ কোটি মার্কিন ডলার ঋণ অনুমোদন

খুলনায় রূপসা বিদ্যুৎকেন্দ্রের জন্য ৫০ কোটি মার্কিন ডলার বা প্রায় ৪ হাজার কোটি টাকার ঋণ অনুমোদন দিয়েছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। গতকাল (২৬ জুন মঙ্গলবার) সংস্থাটির বোর্ডসভায় এ অনুমোদন দেওয়া হয়। এডিবি'র ঢাকা কার্যালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, ঋণের এ অর্থ '৮০০ মেগাওয়াট পাওয়ার প্ল্যান্ট ইন খুলনা' শীর্ষক প্রকল্পটির বাস্তবায়ন, প্রাকৃতিক গ্যাস সরবরাহ এবং বিদ্যুৎ সঞ্চালন সুবিধা সৃষ্টির কাজে ব্যয় করা হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.২), **অবজারভার** (পৃ.১৭,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.১)।

১১। **পার্বত্য তিন জেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা ৮ লাখ ৫২ হাজার ৫৪০**
সংসদে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী বীর বাহাদুর উ শৈ সিং বলেছেন, তিন পার্বত্য জেলায় ১৬ লাখ ১৩ হাজার ৯৮৯ জনসংখ্যার মধ্যে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা ৮ লাখ ৫২ হাজার ৫৪০ এবং বাঙালির সংখ্যা ৭ লাখ ৬১ হাজার ৪৪৯ জন। গতকাল (২৬ জুন মঙ্গলবার) জাতীয় সংসদের ২১তম (বাজেট) অধিবেশনে এক প্রশ্নের জবাবে মন্ত্রী ২০১১ সালের আদমশুমারি অনুসারে তিন পার্বত্য জেলার জনসংখ্যার এসব তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

১২। **শূন্য মার্জিনে চালের এলসি খোলায় নিষেধাজ্ঞা : কেন্দ্রীয় ব্যাংকের সার্কুলার**

প্রস্তাবিত বাজেটে চাল আমদানিতে ২৮ শতাংশ শুল্ক বহালের পর এবার শূন্য মার্জিনে চালের এলসি খোলার ক্ষেত্রে বিধিনিষেধ আরোপ করল বাংলাদেশ ব্যাংক। চাল আমদানি নিরুৎসাহিত করতে এসব উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল (২৬ জুন মঙ্গলবার) বাংলাদেশ ব্যাংকের এক সার্কুলারে বলা হয়েছে, চাল আমদানির ক্ষেত্রে ঋণঝুঁকি বিবেচনায় ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে মার্জিনের হার নির্ধারণ করে এলসি খুলতে হবে। তবে কোনো অবস্থায় শূন্য মার্জিনে এলসি খোলা যাবে না। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৪), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. **যায়যায়দিন, ইনকিলাব, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, প্রথম আলো, অবজারভার, ডেইলি সান, ডেইলি স্টার, নিউ নেশন, এশিয়ান এজ :** সড়ক দুর্ঘটনা রোধে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে ছয় দফা নির্দেশনা দিয়েছেন তা বাস্তবসম্মত উল্লেখ করে এগুলো যথাযথভাবে বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যুগান্তর :** অর্থের অভাবে সরকারি হাসপাতালগুলো জনগণকে কাঙ্ক্ষিত সেবা দিতে পারছেনা, ফলে মানুষ বেসরকারি হাসপাতালে উচ্চমূল্যের সেবা নিতে বাধ্য হয় এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে স্বাস্থ্যখাতে অর্থ বরাদ্দ বাড়ানোর সুপারিশ।

গ. **সমকাল** : সিরাজগঞ্জে ভেজাল দুধ তৈরির কারখানা পাওয়া গেছে উল্লেখ করে জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর এ অপপ্রক্রিয়ার সঙ্গে জড়িতদের কঠোর শাস্তি দাবি।

ঘ. **ইত্তেফাক, সংবাদ :** ৩ লাখ ১৫ হাজার শিশু যক্ষা রোগের ঝুঁকিতে রয়েছে উল্লেখ করে যক্ষার ঝুঁকিতে থাকা সবশিশুই যাতে প্রয়োজনীয় ওষুধ পায় সেদিকে নজর দেওয়ার সুপারিশ।

ঙ. **জনকণ্ঠ :** ব্যাংকিং খাতে খেলাপী ঋণের পরিমাণ ক্রমেই বাড়ায় এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বুড়িগঙ্গা নদীর দখল ও দূষণ রোধে কঠোর পদক্ষেপ কামনা।

ছ. **এশিয়ান এজ :** জীববৈচিত্র্য রক্ষায় বনভূমি সুরক্ষার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সড়ক দুর্ঘটনায় মৃত্যুর হার কমাতে হলে দোষীদের তাৎক্ষণিক শাস্তি নিশ্চিত করার পাশাপাশি জনগণকেও সড়কপথে ভ্রমণ ও রাস্তা পারাপারের ক্ষেত্রে আরও সচেতন হতে হবে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'নারী শ্রমিকদের জীবনমান উন্নয়নে সরকার'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নারী ও পুরুষ শ্রমিকদের মধ্যে বৈষম্য বিলোপ করে সোনার বাংলা গড়তে সরকারের পাশাপাশি সংশ্লিষ্ট সবাইকে সচেতন হতে হবে।

#

ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা